গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য সেবা বিভাগ
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
(নার্সিং শাখা)
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.mohfw.gov.bd

নং-৪৫.১৫৮.১১৬.০০.০০.০০২.২০১৭- তারিখঃ ২৪ কার্তিক ১৪২৪
০৮ নভেম্বর ২০১৭

নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তরের আওতায় বিভিন্ন হাসপাতাল /স্বাস্থ্য প্রতিষ্ঠানে কর্মরত সেবক/সেবিকাদের উত্তম কাজের স্বীকৃতি স্বরূপ পুরষ্কার প্রদানের নীতিমালা

১। **শিরোনামঃ** এ নীতিমালা স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় এর নিয়ন্ত্রণাধীন নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তরের আওতায় বিভিন্ন হাসপাতাল/স্বাস্থ্য প্রতিষ্ঠানে/শিক্ষা প্রতিষ্ঠানে কর্মরত সেবক/সেবিকাদের উত্তম কাজের স্বীকৃতি স্বরূপ পুরস্কার প্রদানের নীতিমালা-২০১৭ নামে অভিহিত হবে।

২। **প্রয়োগঃ** বিভিন্ন হাসপাতাল/স্বাস্থ্য প্রতিষ্ঠানে/শিক্ষা প্রতিষ্ঠানে কর্মরত সেবক/সেবিকাদের উত্তম কাজের স্বীকৃতি স্বরূপ পুরস্কার প্রদানের (স্বর্ণপদক,সনদপত্র ও নগদ অর্থ ইত্যাদি) প্রদানের ক্ষেত্রে প্রযোজ্য হবে।

৩। **সেবক/সেবিকা নির্বাচনঃ** স্থানীয় নির্বাচন কমিটিসমূহের মাধ্যমে প্রাথমিকভাবে নির্বাচিত সেবক/সেবিকাদের মধ্য থেকে চূড়ান্ত নির্বাচন কমিটি কর্তৃক উত্তম কাজের স্বীকৃতি স্বরূপ পুরস্কার প্রদানের জন্য সেবক/সেবিকা চূড়ান্ত নির্বাচন করা হবে।

(ক) **চূড়ান্ত নির্বাচনী কমিটিঃ**

১। অতিরিক্ত সচিব/যুগ্মসচিব (নার্সিং ও মিডওয়াইফারি), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়	-সভাপতি
২। মহাপরিচালক, নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা	-সহ-সভাপতি
৩। যুগ্মসচিব/উপসচিব (নার্সিং), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়	-সদস্য
৪। উপসচিব (নার্সিং), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়	-সদস্য
৫। উপসচিব/সিনিয়র সহকারী সচিব (নার্সিং), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়	-সদস্য
৬। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা এর প্রতিনিধি (সহকারী পরিচালক পর্যায়ের নীচে নহে)	-সদস্য
৭। রেজিষ্ট্রার, বাংলাদেশ নার্সিং ও মিডওয়াইফারি কউন্সিল, ঢাকা	-সদস্য
৮। উপ-পরিচালক (প্রশাসন), নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা	-সদস্য সচিব।

এ কমিটির কার্যপরিধিঃ

(১) এতদ্‌বিষয়ে নির্ধারিত ক্রাইটেরিয়া অনুসারে মন্ত্রণালয় কর্তৃক গঠিত স্থানীয় নির্বাচনী কমিটিসমূহ কর্তৃক প্রাথমিকভাবে নির্বাচিত প্রার্থীদের মধ্য থেকে নির্ধারিত সংখ্যক প্রার্থীকে চূড়ান্তভাবে নির্বাচন করবে;
(২) চূড়ান্তভাবে নির্বাচিত সেবক/সেবিকাদের নামের তালিকা প্রেরণপূর্বক মন্ত্রণালয়ের অনুমোদন গ্রহণ করবে;
(৩) বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে স্বর্ণ পদকের স্বর্ণের পরিমাণ এবং নগদ অর্থের পরিমাণ নির্ধারণ করতে হবে।

(খ) স্থানীয় কমিটিসমূহঃ

কমিটি-১ঃ মেডিকেল কলেজ হাসপাতালঃ

১। পরিচালক/উপ-পরিচালক,মেডিকেল কলেজ হাসপাতাল	-সভাপতি
২। প্রফেসর/ বিভাগীয় প্রধান(যে কোন বিভাগ)	-সদস্য
৩। অধ্যক্ষ, নার্সিং কলেজ/নার্সিং ইনষ্টিটিউট	-সদস্য
৪। আরপি/আর এস	-সদস্য
৫। সেবা তত্ত্বাবধায়ক/সেবা-উপ তত্ত্বাবধায়ক	-সদস্য সচিব

কমিটি- ২ঃ বিশেষায়িত হাসপাতালসমূহঃ

১। পরিচালক/উপ-পরিচালক	- সভাপতি
২। প্রফেসর/ বিভাগীয় প্রধান (যে কোন বিভাগ)	- সদস্য

Letter All-2017-18 , New Folder-2017 New folder)

৩। আরপি/আর এস - সদস্য
৪। নার্সিং সুপারভাইজার - সদস্য
৫। সেবা তত্ত্বাবধায়ক/সেবা-উপ তত্ত্বাবধায়ক - সদস্য সচিব

কমিটি- ৩ঃ কলেজ অব নার্সিং/নার্সিং কলেজ (পোষ্ট বেসিক/বেসিক) এবং নার্সিং ইনষ্টিটিউটসমূহ (নার্সিং ইনষ্টিটিউটসমূহে যেখানে অধ্যক্ষর পদ আছে)ঃ

১। অধ্যক্ষ - সভাপতি
২। অধ্যাপক/সহযোগী অধ্যাপক/সহকারী অধ্যাপক - সদস্য
৩। বিভাগীয় সহকারী পরিচালক (নার্সিং) - সদস্য
৪। সেবা তত্ত্বাবধায়ক/উপ-সেবা তত্ত্বাবধায়ক (নিকটস্থ মেডিকেল কলেজ হাসপাতাল/বিশেষায়িত হাসপাতাল) - সদস্য
৫। প্রভাষক - সদস্য সচিব

কমিটি- ৪ঃ জেলা পর্যায়ের হাসপাতালসমূহঃ

১। সিভিল সার্জন/তত্ত্বাবধায়ক/সহকারী পরিচালক -সভাপতি
২। আর, এম, ও /মেডিকেল অফিসার -সদস্য
৩। সহকারী পরিচালক(নার্সিং) বিভাগীয়/জেলা পাবলিক হেলথ নার্স - সদস্য
৪। নার্সিং ইনস্ট্রাক্টর ইনচার্জ -সদস্য
৫। সেবা তত্ত্বাবধায়ক/উপ-সেবা তত্ত্বাবধায়ক/নার্সিং সুপারভাইজার - সদস্য সচিব

কমিটি-৫ঃ উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স / ইউনিয়ন উপ-স্বাস্থ্য কেন্দ্র পর্যায়ের হাসপাতালসমূহঃ

১। উপজেলা স্বাস্থ্য ও পঃ প কর্মকর্তা(ইউ,এইচ,এফ,পি.ও) -সভাপতি
২। আর,এম,ও/মেডিকেল অফিসার -সদস্য
৩। জেলা পাবলিক হেলথ নাস -সদস্য
৪। ওয়ার্ড ইনচার্জ (সিনিয়র) -সদস্য
৫। নার্সিং সুপারভাইজার -সদস্য সচিব

উপরোক্ত কমিটিসমূহের সদস্যদের পদবি সংক্রান্ত জটিলতা বা অস্পষ্টতা দেখা দিলে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ কিংবা প্রয়োজনে মহাপরিচালক, নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকার নির্দেশনা গ্রহণ করতে হবে।

স্থানীয় কমিটিসমূহের কার্যপরিধিঃ

(১) স্থানীয় কমিটিসমূহ সেবক/সেবিকাদের উত্তম কাজের স্বীকৃতি স্বরূপ পুরস্কার (স্বর্ণপদক, সনদপত্র ও নগদ অর্থ ইত্যাদি) প্রদানের লক্ষ্যে প্রাথমিক পর্যায়ে স্থানীয়ভাবে সেবক/সেবিকাদের বাছাইয়ের জন্য প্রতি বছর অক্টোবর মাসের ১৫(পনের) তারিখের মধ্যে সভা আহবান করতঃ সংশ্লিষ্ট প্রতিষ্ঠানে কর্মরত সেবক/সেবিকাদের মধ্য হতে নিম্নবর্ণিত ক্রাইটেরিয়া অনুসারে সর্বোচ্চ নম্বর প্রাপ্তির ভিত্তিতে প্রাথমিকভাবে প্রার্থী নির্বাচন করে নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকায় প্রেরণ করবেন। তবে নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর কর্তৃক প্রতিবছর আগষ্ট মাসের প্রথম সপ্তাহের মধ্যে বিজ্ঞপ্তি জারি করতে হবে।

রেজিস্টার্ড নার্স/ মিডওয়াইফদের জন্য বৈশিষ্ট (ক্রাইটেরিয়া) সমূহঃ

(১) চাকরিকাল ন্যূনতম ০৫(পাঁচ) বছর হতে হবে;
(২) স্নাতক/স্নাতকোত্তর ডিগ্রী থাকলে উল্লেখ করতে হবে;
(৩) বিশেষ প্রশিক্ষণঃ ন্যূনতম ০১(এক) মাস তদূর্ধ্ব থাকলে উল্লেখ করতে হবে;
(৪) নার্সিং বিষয়ে প্রকাশনা থাকলে উল্লেখ করতে হবে;
(৫) উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স/ইউনিয়ন সাব-স্বাস্থ্য কেন্দ্রে চাকরি করে থাকলে উল্লেখ করতে হবে;
(৬) সর্বশেষ ০৫(পাঁচ) বছরের বার্ষিক গোপনীয় প্রতিবেদন (এ সি আর) বিবেচনা করতে হবে;
(৭) চাকরিকাল সন্তোষজনক হতে হবে;
(৮) প্রার্থীর স্মার্টনেস (পূর্ণ ইউনিফরম পরিহিত/ প্রানবন্ত/ সু-স্বাস্থ্যের অধিকারী ও আচরণ) বিবেচনা করতে হবে;
(৯) বিভাগীয়/ফৌজদারী মামলা থাকলে প্রার্থী বিবেচনা হবেন না।

রেজিস্টার্ড নার্স/ মিডওয়াইফদের নম্বর প্রদানের ক্ষেত্রে প্রযোজ্যঃ

ক্রমিক নং	বৈশিষ্ট্য (ক্রাইটেরিয়া) সমূহঃ	নম্বর
১।	স্নাতক ডিগ্রী (প্রফেশনাল)	০২
২।	বিশেষ প্রশিক্ষণঃ ন্যূনতম ০১(এক) মাস বা তদূর্ধ্ব	০৩
৩।	উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স/ইউনিয়ন সাব-স্বাস্থ্য কেন্দ্রে কাজ করার অভিজ্ঞতা (ন্যূনতম ০৩ (তিন) বছর	০৩
৪।	বার্ষিক গোপনীয় প্রতিবেদন (এ সি আর) (অব্যবহিত পুর্ববর্তী ০৫(পাঁচ) বছরের)	৬০
৫।	স্মার্টনেস(নির্ধারিত ইউনিফরম পরিহিত/ প্রানবন্ত/ সু-স্বাস্থ্যের অধিকারী ও আচরণ)	০৫
৬।	জাতীয় দুর্যোগ মোকাবেলায় অংশ গ্রহন	০৩
৭।	ক্লিনিক্যাল দক্ষতা/বিষয় ভিত্তিক দক্ষতা	০৬
৮।	সেবার গুনগতমান	০৫
৯।	নার্স-রোগী, নার্স-চিকিৎসক ও সহকর্মীদের সম্পর্ক	০৮
১০।	সময়ানুবর্তিতা	০৫

সহকারী নার্সদের জন্য বৈশিষ্ট্য (ক্রাইটেরিয়া) সমূহঃ

(১) চাকরিকাল ন্যূনতম ০৫(পাঁচ) বছর হতে হবে;
(২) ডিপ্লোমা ইন নার্সিং এন্ড মিডওয়াইফারি বা সম-মানের উচ্চতর কোন ডিগ্রী/ ডিপ্লোমা থাকলে উল্লেখ করতে হবে;
(৩) বিশেষ প্রশিক্ষণঃ ন্যূনতম ০১(এক) মাস তদূর্ধ থাকলে ডিপ্লোমা করতে হবে;
(৪) নার্সিং বিষয়ে প্রকাশনা থাকলে ডিপ্লোমা করতে হবে;
(৫) উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স/ইউনিয়ন সাব-স্বাস্থ্য কেন্দ্রে চাকরি করে থাকলে ডিপ্লোমা করতে হবে;
(৬) সর্বশেষ ০৫(পাঁচ) বছরের বার্ষিক গোপনীয় প্রতিবেদন (এ সি আর) বিবেচনা করতে হবে;
(৭) চাকরিকাল সন্তোষজনক হতে হবে;
(৮) প্রার্থীর স্মার্টনেস (নির্ধারিত ইউনিফরম পরিহিত/ প্রানবন্ত/ সু-স্বাস্থ্যের অধিকারী ও আচরণ) বিবেচনা করতে হবে;
(৯) বিভাগীয়/ ফৌজদারী মামলা থাকলে প্রার্থী বিবেচনা হবেন না।

সহকারী নার্সদের নম্বর প্রদানের ক্ষেত্রে প্রযোজ্যঃ

ক্রমিক নং	বৈশিষ্ট্য (ক্রাইটেরিয়া) সমূহঃ	নম্বর
১।	স্নাতক ডিগ্রী (প্রফেশনাল)	০২
২।	বিশেষ প্রশিক্ষণঃ ন্যূনতম ০১(এক) মাস বা তদূর্ধ	০৩
৩।	উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স/ইউনিয়ন সাব-স্বাস্থ্য কেন্দ্রে কাজ করার অভিজ্ঞতা (ন্যূনতম ০৩ (তিন) বছর	০৩
৪।	বার্ষিক গোপনীয় প্রতিবেদন (এ সি আর) (অব্যবহিত পুর্ববর্তী ০৫(পাঁচ) বছরের	৬০
৫।	স্মার্টনেস (নির্ধারিত ইউনিফরম পরিহিত/ প্রানবন্ত/ সু-স্বাস্থ্যের অধিকারী ও আচরণ)	০৫
৬।	জাতীয় দুর্যোগ মোকাবেলায় অংশ গ্রহন	০৩
৭।	ক্লিনিক্যাল দক্ষতা/বিষয় ভিত্তিক দক্ষতা	০৬
৮।	সেবার গুনগতমান	০৫
৯।	নার্স-রোগী, নার্স-চিকিৎসক ও সহকর্মীদের সম্পর্ক	০৮
১০।	সময়ানুবর্তিতা	০৫

স্থানীয় কমিটি কর্তৃক এতদ্‌বিষয়ে অনুষ্ঠিত সভায় কার্যবিবরনিসহ (সকল সদস্যের স্বাক্ষর সম্বলিত) প্রাথমিকভাবে নির্বাচিতদের নামের তালিকা স্থানীয় কমিটির সভাপতি কর্তৃক স্বাক্ষরিত অগ্রায়ণপত্রসহ সীলগালা করে তা নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকায় প্রেরণ করবেন।

গ) প্রার্থী নির্বাচনকালে স্থানীয় কমিটি নিম্নবর্ণিত বিষয়াদি বিবেচনা করবেন

(১) কমিটি প্রতিটি প্রার্থীর অতীত ও বর্তমান সেবা মুলক কার্যকলাপ পুঙ্খানুপুঙ্খরূপে পর্যালোচনাপূর্বক সৎ, কর্মঠ, ও কর্তব্য পরায়নযোগ্য প্রার্থী নির্বাচন করবেন।

(২) কমিটি তার নিজ নিজ প্রতিষ্ঠান হতে প্রত্যেক পদ থেকে একজন করে প্রার্থী নির্বাচন করবেন। তবে মেডিকেল

কলেজ হাসপাতাল ও অন্যান্য বিশেষায়িত হাসপাতাল থেকে প্রতি ৫০০ জনে ০৩(তিন) জন করে সিনিয়র ষ্টাফ নার্স/ষ্টাফ নার্স নির্বাচন করবেন।

(৩) প্রাথমিকভাবে নির্বাচিত প্রার্থীদের তালিকার সাথে কর্তৃপক্ষের প্রতিস্বাক্ষরিত অব্যবহিত পূর্ববর্তী ০৫(পাঁচ) বছরের বার্ষিক গোপনীয় প্রতিবেদন (এ,সি,আর) প্রেরণ করতে হবে।

(৪) কোন প্রার্থীর বিরুদ্ধে বিভাগীয়/ফৌজদারী মামলা বিচারাধীন বা চলমান থাকলে তাকে পুরস্কার প্রদানের জন্য বিবেচনা করা যাবে না।

(৫) কোন প্রার্থীকে একই পদে দ্বিতীয়বার পুরস্কার প্রদানের জন্য বিবেচনা করা যাবে না। তাছাড়া কোন প্রার্থী মোট চাকরী জীবনে ০২(দুই) বারের বেশী পুরস্কারের জন্য বিবেচিত হবেন না এবং একবার পুরস্কার প্রাপ্তির পরবর্তী ০৫(পাঁচ) বছর পুরস্কার প্রাপ্তির জন্য বিবেচিত হবেন না।

৪। যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে অনুমোদনক্রমে এ নীতিমালা জারি করা হল এবং তা অবিলম্বে কার্যকর হবে।

৫। এ নীতিমালা জারির পরিপ্রেক্ষিতে পুনরাদেশ না দেয়া পর্যন্ত এতদসংক্রান্ত ইতোপূর্বে জারিকৃত সকল প্রজ্ঞাপন বাতিল বলে গন্য হবে।

স্বাঃ—
(মো: সুলতান মাহমুদ)
সহকারী সচিব
ফোন: ৯৫৪৫৭৭৯

নং-৪৫.১৫৮.১১৬.০০.০০.০০২.২০১৭-৩৭৩/১(৯৯)

তারিখঃ ২৪ কার্তিক ১৪২৪
০৮ নভেম্বর ২০১৭

অনুলিপি জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর/নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর/পরিবার পরিকল্পনা অধিদপ্তর, ঢাকা
২। জনাব/বেগম...
৩। যুগ্মসচিব/উপসচিব (নার্সিং), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
৪। অধ্যক্ষ/পরিচালক, মেডিকেল কলেজ হাসপাতাল/বিশেষায়িত হাসপাতাল.............................(সকল)
৫। অধ্যক্ষ, নার্সিং কলেজ...(সকল)
৬। সিভিল সার্জন/সেবা তত্ত্বাবধায়ক...(সকল)
৭। তত্ত্বাবধায়ক, জেনারেল হাসপাতাল/ জেলা সদর হাসপাতাল/২৫০ শয্যা বিশিষ্ট হাসপাতাল.................(সকল)
৮। সিস্টেম এ্যানালিষ্ট, কম্পিউটার সেল, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)
৯। নার্সিং ইনস্ট্রাক্টর ইনচার্জ, নার্সিং ইনস্টিটিউট...(সকল)
১০। রেজিষ্ট্রার, বাংলাদেশ নার্সিং ও মিডওয়াইফারি কাউন্সিল, ২০৩ শহীদ সৈয়দ নজরুল ইসলাম সরণী, বিজয় নগর, ঢাকা
১১। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা..(সকল)।

৮/১১/১৭ ১১।২০১৭
(মো: সুলতান মাহমুদ)
সহকারী সচিব

অনুলিপি সদয় জ্ঞাতার্থে :

১। মাননীয় মন্ত্রী মহোদয় এর একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
২। মাননীয় প্রতিমন্ত্রী মহোদয় এর একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
৩। সচিব মহোদয় এর একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
৪। সচিব মহোদয় এর একান্ত সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
৫। অতিরিক্ত সচিব (নার্সিং ও মিডওয়াইফারি) মহোদয়ের এর ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
৬। যুগ্মসচিব (নার্সিং) মহোদয়ের এর ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।